# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 17-06-2025** **Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্য মন্ত্রিসভা ওবিসি তালিকা নিয়ে যে বিজ্ঞপ্তি জারি করেছে সেব্যাপারে কলকাতা হাইকোর্ট আজ তার সিদ্ধান্ত জানাবে।

২) স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে বেসরকারি হাসপাতাল ও নার্সিং হোমগুলিকে আরও কঠোর নিয়মে আনতে বিধানসভায় আনা এই সংক্রান্ত বিলের ওপর আলোচনা আজও চলবে।

৩) নদীয়ার কালীগঞ্জ বিধানসভা উপ নির্বাচনে প্রচার আজ বিকেলে শেষ হচ্ছে । শেষ মুহূর্তে প্রচার চলছে জোর কদমে।

৪) স্নাতক স্তরে কলেজে ভর্তির জন্য অভিন্ন পোর্টাল আজ খুলছে।

৫) চাকরি হারা শিক্ষকরা চাকরি ফেরানোর দাবিতে আজ বিধানসভায় অধ্যক্ষের কাছে ডেপুটেশন দেবেন।

৬) আষাঢ়ের প্রথম দিন থেকে রাজ্যে বর্ষার আগামন লক্ষ্য করা যাচ্ছে। রাজ্যের বেশকিছু জেলায় আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দফতর।

oooooooooooooooooooooo

রাজ্য মন্ত্রিসভা ওবিসি তালিকা নিয়ে যে বিজ্ঞপ্তি জারি করেছে সেব্যাপারে কলকাতা হাইকোর্ট আজ তার সিদ্ধান্ত জানাবে। দুই বিচারপতি রাজা শেখর মান্থা ও তপব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চ রাজ্যের এডভোকেট জেনারেলকে বলেন, যে সমীক্ষা করছে তাতে ওবিসি সম্প্রদায়ের উপযুক্ত প্রতিনিধিরা আছেন কিনা তা খতিয়ে দেখতে হবে।

এদিকে, রাজ্য অনগ্রসর শ্রেণী কমিশনের তরফে আইনজীবী অভ্রতোষ মজুমদার বলেছেন, নতুন করে ৭১ টি সম্প্রদায়ের উপর সমীক্ষা করার কাজ সম্পূর্ণ। বাকি ৪১-টির উপর সমীক্ষার কাজ চলছে। খুব শীঘ্রই রাজ্য সরকার সেগুলো নিয়ে বিজ্ঞপ্তি জারি করবে। তাঁর দাবি এব্যাপারে কোন অস্বচ্ছতা নেই। কিন্তু জনস্বার্থ মামলা দায়ের করে গোটা প্রক্রিয়া বন্ধ করার চেষ্টা চালানো হচ্ছে।

সাতদিন সময়দিলে প্রয়োজনে বিস্তারিত নথি আদালতে পেশ করতে কমিশন প্রস্তুত বলে জানান আইনজীবী।

উল্লেখ্য, ওবিসি তালিকা নিয়ে রাজ্যের সমীক্ষায় ত্রুটি রয়েছে দাবি করে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়।

মামলাকারী অমল চন্দ্র দাসের আইনজীবী বলেন, রাজ্য মন্ত্রিসভা যে ১৪০টি ওবিসি সম্প্রদায়কে তালিকাভুক্ত করেছে তা ত্রুটিপূর্ণ।

oooooooooooooooooooooooo

ওবিসি সংরক্ষণ নিয়ে রাজ্য রাজনীতিতে বিতর্কের প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছেন, রাজ্য সরকার মণ্ডল কমিশনের সুপারিশ অনুসারে সামাজিক ও অর্থনৈতিকভাবে অনগ্রসর শ্রেণির তালিকা প্রস্তুত করেছে। অনগ্রসর শ্রেণি কমিশনের রিপোর্টের ভিত্তিতেই তা করা হয়েছে। এই নিয়ে জনগণের মধ্যে যাতে কোনও ভুল বার্তা না যায় সে ব্যাপারেও সতর্ক করে দেন মমতা।

বিধানসভার প্রশ্নোত্তর পর্বে তিনি জানান, এই তালিকায় ১৪০টি জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করা হয়েছে, এর মধ্যে ৮০টি মুসলিম ও ৬০টি অমুসলিম সম্প্রদায়। ওবিসি সংরক্ষণ শুধুমাত্র মুসলিমদের জন্য নয়—সব সম্প্রদায়কে সঙ্গেই নিয়ে এই তালিকা তৈরি হয়েছে বলে তিনি জানান।

এরপর রাজ্য মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন ওবিসি তালিকা নিয়ে জনমানসে যাতে কোনও ভুল ধারণা না ছড়ায়, তা নিশ্চিত করতে হবে। এই তালিকা যে আদালতের নির্দেশ মেনেই তৈরি হয়েছে সাধারণ মানুষকে তা বোঝাতে হবে। মন্ত্রিসভার বৈঠকে স্কুল সার্ভিস কমিশনের জন্য

দুটি নতুন উপ-সচিবের পদ তৈরি এবং কলকাতা পুলিশের দুটি যুগ্ম কমিশনারের পদ সৃষ্টির সিদ্ধান্তও গৃহীত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে বেসরকারি হাসপাতাল ও নার্সিংহোমগুলিকে আরও কঠোর নিয়মের মধ্যে আনতে বিধানসভায় এই সংক্রান্ত বিলের ওপর আলোচনা আজও চলবে।

দি ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এসটাবলিসমেন্ট সংশোধনী বিলটি গতকাল সভায় উত্থাপন করেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ।

প্রথম দিনের আলোচনায় বিজেপি অংশ না নিলেও তৃনমূল কংগ্রেসের ডাঃ রানা চ্যাটার্জী, অপূর্ব সরকার, ডাঃ মুকুটমনি অধিকারী প্রমুখ অংশ নেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

১০০ দিনের কাজ সহ একাধিক কেন্দ্রীয় প্রকল্পে রাজ্যের প্রাপ্য অর্থ আটকে রাখার অভিযোগে কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। বিধানসভায় দাঁড়িয়ে তিনি অভিযোগ করেন, প্রকল্পে যে ধরণের অসঙ্গতির অভিযোগ তুলে এরাজ্যের বরাদ্দ আটকে দেওয়া হচ্ছে সে ধরনের অসঙ্গতি অন্য অনেক রাজ্যে রয়েছে।

মুখ্যমন্ত্রীর বক্তব্য চলাকালীন হট্টগোল শুরু করে দেন বিজেপি বিধায়কেরা। তৃণমূল কংগ্রেসের বিধায়করাও পাল্টা প্রতিবাদে সামিল হন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি রাজ্য বিধানসভায় দলের বিধায়ক মনোজ ওঁরাওকে সাসপেন্ড করার নিন্দা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, রাজ্য বিধানসভা গণতন্ত্রের উপর এক লজ্জাজনক আক্রমণের সাক্ষী হোল। বিধায়ক মনোজ ওঁরাও গতকাল শিক্ষকদের চাকরি হারানোর দুর্দশা, রাজ্যে শিক্ষার শোচনীয় পরিণতি ও ব্যর্থতার জন্য তৃণমূল কংগ্রেস সরকারের দুর্নীতিকে দায়ী করে গুরুত্বপূর্ণ বিষয়গুলি উত্থাপন করতে চেয়েছিলেন। তবে অধ্যক্ষ তার ক্ষমতার অপব্যবহার করে বিজেপি বিধায়ককে সাসপেন্ড করেছেন। মনোজ ওঁরাও-এর এই সাসপেন্ড শুধুমাত্র অন্যায্য নয়, বিধানসভায় বিরোধীদের কণ্ঠস্বর রোধ করে সত্যকে নিরব করার জন্য তৃণমূল কংগ্রেসের প্রচেষ্টা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রে উপ-নির্বাচনের প্রচার আজ বিকেলে শেষ হচ্ছে। আগামী ১৯-শে জুনের  ভোট গ্রহণের জন্য জোরদার প্রস্তুতি চলেছে।

এদিকে, উপ-নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল গতকাল এক পর্যালোচনা বৈঠক করেন। কালিগঞ্জে বিডিও অফিসের কনফারেন্স হলে ওই বৈঠকে সবকটি ভোট কেন্দ্রে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখা হয়। পরে মুখ্য নির্বাচনী আধিকারিক জানান, ভোটদাতাদের সুবিধার্থে সবরকমের পদক্ষেপ নেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কালিগঞ্জ বিধানসভা উপনির্বাচনে ভোট দান অবাধ ও শান্তিপূর্ণ করার দাবি জানিয়েছে কংগ্রেস। ভোটদান অবাধ ও শান্তিপূর্ণ করার জন্য  আইন-শৃঙ্খলা জনিত  বিষয় নিয়ে গতকাল প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর কাছে লিখিত আকারে দাবি জানিয়েছে ।  কালীগঞ্জ বিধানসভা উপনির্বাচনে সব পোলিং বুথে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবি জানিয়েছে কংগ্রেস। এর পাশাপাশি সব বুথে VV PAT , Web Casting, CCTV তে নজরদারি চালানোর আর্জি জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কালিগঞ্জ বিধানসভার উপনির্বাচনের প্রচারে তৃণমূল কংগ্রেসের মন্ত্রী ফিরহাদ হাকিম ও বিজেপি রাজ্য সভাপতি ডক্টর সুকান্ত মজুমদার ও শুভেন্দু অধিকারী বিভিন্ন স্থানে ভোট প্রচারে অংশ নেন।

সুকান্ত বাবু বলেন, এরাজ্যের মুখ্যমন্ত্রী সি এ এ তে আবেদন করতে নিষেধ করায় বহু মানুষ বিপাকে পড়েছেন। সিএএ শংসাপত্র যদি হাতে থাকতো তা হলে আজ আর মানুষকে বাইরে যেতে হতো না।

এদিকে কালীগঞ্জের কয়েকটি স্থানে রোড শো এ অংশ নেন রাজ্যের মন্ত্রী তৃণমূল কংগ্রেস নেতা ফিরহাদ হাকিম। সন্ধ্যায় এখন তিনি কামারিয়া এলাকায় সভা করছেন।  ভোটারদের মন জয় করতে কংগ্রেস প্রার্থী কাবিল উদ্দিন শেখ রোড শো করে কয়েকটি স্থানে প্রচার চালান।

অন্যদিকে হাটগাছার আশা চিয়াতে মন্ত্রী ফিরাদ হাকিম ও জুন মালিয়ার প্রচার গাড়ী আটকে পথ অবরোধ করে গ্রামবাসীরা বিক্ষোভ দেখায়। খারাপ রাস্তা দীর্ঘ দিন সংস্কার না হওয়া এই প্রতিবাদে বিক্ষোভ।

০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৫-'২৬ শিক্ষাবর্ষে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য 'সেন্ট্রালাইজড অ্যাডমিশন পোর্টালের' আজ সূচনা করবেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। আগামীকাল দুপুর ২-টো থেকে পয়লা জুলাই পর্যন্ত নাম নথিভূক্তকরণ ও আবেদন জানানো যাবে। কলেজ ও বিশ্ববিদ্যালয়ে স্নাতকস্তরের প্রথম সেমিস্টারের ক্লাস শুরু হবে পয়লা অগস্ট থেকে।

উচ্চশিক্ষা দফতর জানিয়েছে, ৬ জুলাই প্রকাশ করা হবে মেধা তালিকা। ২৪ থেকে ৩১ জুলাই পর্যন্ত তথ্য যাচাইয়ের জন্য ছাত্রছাত্রীদের সশরীরে হাজির হতে হবে। এক জন আবেদনকারী রাজ্যের এক বা একাধিক উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে সর্বোচ্চ ২৫টি প্রোগ্রাম বা কোর্স-এ আবেদন করতে পারবেন। এই অনলাইন প্রক্রিয়া যাদবপুর বিশ্ববিদ্যালয়, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে কার্যকর হবে না বলে জানিয়ে দিয়েছে উচ্চ শিক্ষা দফতর।

০০০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষক নিয়োগের পরীক্ষার অনলাইন আবেদন পর্ব গতকাল থেকে শুরু হয়েছে ।

অন্যদিকে, এই পরীক্ষা ব্যবস্থাকে প্রহসন বলে দাবি করেছেন যোগ্য চাকরিহারা শিক্ষকদের একাংশ। ২০১৬-র তুলনায় এবার বিষয়ভিত্তিক শূন্যপদের সংখ্যা কমিয়ে দেওয়া হয়েছে বলে দাবি করেছে 'যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ'। ফলে যোগ্য চাকরিহারা শিক্ষকরা আদৌ কতটা সুযোগ পাবেন তা নিয়ে সংশয় রয়েছে এই সংগঠনের তরফে রাকেশ আলম জানিয়েছেন।

নতুন নিয়োগের পরীক্ষা না দেওয়া এবং চাকরি সুনিশ্চিত করার দাবিতে গতকাল বিকাশ ভবনে গিয়ে শিক্ষামন্ত্রীকে তারা গণচিঠি দিয়েছেন। চাকরিহারা যোগ্য শিক্ষকদের আরেকটি সংগঠনের প্রতিনিধিরা আজ বিধানসভায় অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের কাছে ডেপুটেশন দিতে যাবেন। চাকরিতে সসম্মানে পুনর্বহাল ছাড়াও 22 লক্ষ OMR সিটের মিরর ইমেজ প্রকাশের দাবি জানিয়েছে এই সংগঠন।

০০০০০০০০০০০০০০০০০০০

চাকরি ফেরানোর দাবিতে অনশন শুরু করেছেন আরও পাঁচ চাকরি হারানো শিক্ষক-শিক্ষিকা। বিকাশ ভবনের কাছে অবস্থান স্থলে বৃহস্পতিবার রাত থেকে অনশনরত ১০ জন শিক্ষক-শিক্ষিকার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাদের  হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গতরাত থেকে চার শিক্ষিকা এবং এক শিক্ষক অনশন শুরু করেছেন। এই নিয়োগ প্রক্রিয়ায় তাঁরা অংশ নেবেন না এবং আইনি লড়াইয়ে সরকারকে তাঁদের চাকরি সুনিশ্চিত করতে হবে বলে দাবি জানিয়েছেন আন্দোলনকারীরা।

oooooooooooooooooooo

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ আগুনে পুড়ে যাওয়া খিদিরপুর বাজার পরিদর্শনে যাবেন। গতকাল নদীয়ায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি অভিযোগ করেন, এই কাজ কলকাতার মেয়র করিয়েছেন। খিদিরপুর বাজারের জমি বেসরকারি সংস্থার হাতে তুলে দেওয়ার চক্রান্ত চলছে। বিজেপি তা কোনভাবেই হতে দেবে না।

oooooooooooooooooooo

খিদিরপুর বাজারে লাগা আগুন গতরাত দশটা নাগাদ নিভে গেছে বলে দমকল সূত্রে জানা গেছে। এখনও ঘটনাস্থলে, ৯-টি গাড়ি রয়েছে। মাঝে মাঝে আগুন ছোটো আকারে দেখা গেলে সেগুলি নেভানো হচ্ছে। দমকল সূত্রে জানা গেছে , প্রায় সাতশো দোকান পুড়ে গেছে। তবে স্থানীয়দের দাবি প্রায় তেরোশো দেকান পুড়ে গেছে।

ooooooooooooooooo

পুরুলিয়া জেলার রঘুনাথপুর পুরসভায় প্রশাসক বসানোর রাজ্য সরকারের সিদ্ধান্তকে কলকাতা হাইকোর্ট খারিজ করে দিয়েছে । বিচারপতি কৌশিক চন্দ তাঁর রায়ে বলেছেন গত ১৯ মে রঘুনাথপুর পুরসভায় মহকুমাশাসককে যে পদ্ধতিতে প্রশাসক হিসেবে বসানো হয়েছে তা যথাযথ নয়।

উল্লেখ্য গত ২৪ মে রাজ্য সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে কলকাতা হাই কোর্টে মামলা করেন পুরসভার বিজেপি কাউন্সিলর দীনেশ শুক্লা। ১৩ আসনের এই পুরসভায় তৃণমূল সংখ্যাগরিষ্ঠ হয়ে পুরো সভায় বোর্ড তৈরি করলেও সম্প্রতি পুরপ্রধান তরণী বাউরীর বিরুদ্ধে অনাস্থা নিয়ে আসেন তার দলেরই কাউন্সিলররা। এরমধ্যেই পুরসভায় প্রশাসক বসানোর কথা ঘোষণা করে রাজ্য সরকার।

oooooooooooooooooo

প্রজননকালীন নিষেধাজ্ঞা শেষ হবার পর এমাসের ১৫ তারিখ থেকে সমুদ্রে মাছ ধরার উদ্দেশ্যে যাত্রা করেছে অসংখ্য ট্রলার। কিন্তু সুন্দরবনের নদী খাঁড়ি এলাকায় ৯০ দিনের নিষেধাজ্ঞা শেষ হবে ৩০-শে জুন। এই দু ধরনের নিষেধাজ্ঞার কারণে ছোট নৌকয় মাছ ধরেন এমন প্রান্তিক ক্ষুদ্র মৎস্যজীবীদের অসম প্রতিযোগিতার মধ্যে ঠেলে দেওয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। তিন

মাস ঘরে বসে থাকার সময় রাজ্য সরকারের ঘোষণা মতো সমুদ্র সাথী প্রকল্পের টাকা কোন মৎস্যজীবী পাননি বলে তাঁরা ক্ষোভ প্রকাশ করেছেন। দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের সম্পাদক মিলন দাস বাস্তবধর্মী সিদ্ধান্ত নেওয়ার জন্য সব পক্ষের প্রতি আহ্বান জানান।

(বাইট - মিলন দাস)

০০০০০০০০০০০০০০০০০০

আষাঢ়ের প্রথম দিনেই রাজ্যে বর্ষার আগমন ঘটেছে। উত্তর পশ্চিম বঙ্গোপসাগর ও সংলগ্ন এলাকায় তৈরি ঘূর্ণাবর্ত এবং বঙ্গোপসাগর থেকে অতিরিক্ত পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যের বেশকিছু জেলায় আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।  দক্ষিণ চব্বিশ পরগনা , বাঁকুড়া , পূর্ব বর্ধমান এবং পশ্চিম মেদিনীপুর জেলায় ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা হাওয়া সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা থাকায় জারি করা হয়েছে কমলা সতর্কতা। গত রাত থেকেই কলকাতা ও তার আশপাশের এলাকায় বৃষ্টি শুরু হয়েছে, কমেছে তাপমাত্রার পারদও। আজ সকাল সাড়ে ছয়টা পর্যন্ত আলিপুরে ৮ দশমিক ৪ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে।

অন্যদিকে উত্তরবঙ্গের আলিপুরদুয়ার, জলপাইগুড়ি এবং উত্তর দিনাজপুর জেলায় মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

এদিকে, গতকালই দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু ছত্তিশগড় ও ওড়িশায় অগ্রসর হয়েছে, অনুকূল পরিবেশ তৈরি হওয়ায় খুব শীঘ্রই তা গাঙ্গেয় পশ্চিমবঙ্গে প্রবেশ করবে বলে  আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০